

## 🗏 আর-রুম | Ar-Rum | ٱلرُّوم

আয়াতঃ ৩০: ৫৩

## 💵 আরবি মূল আয়াত:

## 

আর তুমি অন্ধদেরকেও তাদের ভ্রষ্টতা থেকে হিদায়াতে আনতে পারবে না, তুমি শুধু তাদেরই শুনাতে পারবে যারা আমার আয়াতসমূহের প্রতি ঈমান আনে, কারণ তারা আত্মসমর্পনকারী। — আল-বায়ান

তুমি অন্ধদেরকেও তাদের পথভ্রষ্টতা থেকে ফিরিয়ে পথে আনতে পারবে না। যারা আমার নিদর্শনাবলীতে বিশ্বাস করে তুমি কেবল তাদেরকেই শুনাতে পারবে, কারণ তারা (আল্লাহর প্রতি) আত্মসমর্পণকারী। — তাইসিরুল আর তুমি অন্ধকেও ফিরিয়ে আনতে পারবে না তাদের পথভ্রষ্টতা হতে। যারা আমার নিদর্শনাবলীতে বিশ্বাস করে শুধু তাদেরকেই তুমি শোনাতে পারবে, কারণ তারা আত্মসমর্পনকারী। — মুজিবুর রহমান

And you cannot guide the blind away from their error. You will only make hear those who believe in Our verses so they are Muslims [in submission to Allah]. — Sahih International

৫৩. আর আপনি অন্ধদেরকেও পথে আনতে পারবেন না তাদের পথভ্রম্ভতা থেকে। যারা আমাদের আয়াতসমূহে ঈমান রাখে শুধ তাদেরকেই আপনি শুনাতে পারবেন: কারণ তারা আত্মসমর্পণকারী।

তাফসীরে জাকারিয়া

- (৫৩) আর অন্ধকেও ওদের পথভ্রম্ভতা হতে পথে আনতে পারবে না।[1] যারা আমার নিদর্শনাবলীতে বিশ্বাস করে, শুধু তাদেরকেই তোমার কথা শোনাতে পারবে,[2] কারণ তারা আত্মসমর্পণকারী। [3]
  - [1] এই জন্য যে, তারা চক্ষু দ্বারা যথাযথ উপকারিতা অর্জন অথবা অন্তর্দৃষ্টির দর্শন থেকে বঞ্চিত। তারা ভ্রষ্টতার যে ঘূর্ণিপাকে নিমজ্জিত, তা হতে কিভাবে বের হবে?
  - [2] অর্থাৎ, এরা শ্রবণ করা মাত্র ঈমান আনয়ন করে। কারণ এরা হল চিন্তাশীল ব্যক্তি; এরা অসীম ক্ষমতার প্রভাব দেখে প্রকৃত প্রভাবশালীর পরিচয় অর্জন করতে পারে।





[3] অর্থাৎ, হকের কাছে আত্মসমর্পণ করে, ন্যায়কে স্বীকার করে নেয় এবং তা মেনে চলে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3462

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন